ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৪ বর্ষ ১ম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ মাঘ ১৪২৬, জানুয়ারি ২০২০

মুজিববর্ষের ক্ষণগণনা শুরু

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে গত ১০ জানুয়ারি ২০২০ টিএসসি সংলগ্ন রাজু ভাস্কর্য প্রাঙ্গণে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মুজিববর্ষের ক্ষণগণনা আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের ক্ষণগণনা শুরু হয়েছে। গত ১০ জানুয়ারি ২০২০ টিএসসি সংলগ্ন রাজু ভাস্কর্য প্রাঙ্গণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ক্ষণগণনা কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারন সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাঙালির মুক্তি-সংগ্রামের ইতিহাসে ১০ জানুয়ারি এক ঐতিহাসিক দিন। ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন করেন এবং আমরা বিজয়ের পূর্ণতা লাভ করি। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা। এই ঐতিহাসিক দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুজিববর্ষের ক্ষণগণনার মধ্য দিয়ে শুরু হলো বছরব্যাপী নানাবিধ আয়োজন। উপাচার্য ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুজিবর্ষের সকল আয়োজনের সার্থক বাস্তবায়নে সম্পৃক্ত থাকার জন্য শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ সংশ্লিষ্টদের প্রতি আহবান জানান।

উল্লেখ্য, মুজিববর্ষ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১০ জানুয়ারি ২০২০ তেজগাঁও পুরাতন বিমান বন্দরে জাতীয়ভাবে ক্ষণগণনা কর্মসূচির উদ্বোধন করেন। এর পরপরই ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই ক্ষণগণনা উদ্বোধন করা হয়।

চারুকলা অনুষদে জয়নুল উৎসব

শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ৩ দিনব্যাপী জয়নুল উৎসব এবং বার্ষিক লোকজ মেলা গত ২৯ ডিসেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদে উদ্বোধন করা হয়। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই উৎসব উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেডের জেনারেল ম্যানেজার এ কে এম সাদেক নেওয়াজ এবং শিল্পাচার্য জয়নুল আবেদিনের পুত্র প্রকৌশলী (২য় পৃষ্ঠায় দেখুন)

আন্তর্জাতিক গণিত সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত গণিত বিভাগ এবং বাংলাদেশ গণিত সমিতির যৌথ উদ্যোগে ৩-দিনব্যাপী আন্তর্জাতিক গণিত সম্মেলন গত ৬ ডিসেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'গণিত : চ্যালেঞ্জ ও বাস্তবতা'।

বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. মোবারক হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম স্বাগত বক্তব্য দেন। বাংলাদেশ গণিত সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গণিতকে বিজ্ঞানের ভাষা হিসেবে বর্ণনা করে বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে তরুণ প্রজন্মকে অবশ্যই গণিতের জ্ঞান অর্জন করতে হবে। বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পৃথিবীর অন্যান্য খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে গণিত বিষয়ে যৌথ সহযোগিতামূলক গবেষণা প্রকল্প গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। আন্তর্জাতিক এই সম্মেলন এক্ষেত্রে একটি কমন প্ল্যাটফর্ম তৈরি করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, নেপাল, ফ্রান্স, জার্মানী, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, দক্ষিণ আফ্রিকা, পর্তুগাল, ফিলিপাইন এবং আয়ারল্যান্ডের শিক্ষক ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

মুজিববর্ষ উপলক্ষ্যে পরিচ্ছন্নতা কর্মসূচি

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ ২০২০' এবং ঐতিহ্যবাহী ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান শুরু হয়েছে। গত ১ জানুয়ারি ২০২০ বিন স্থাপনের মাধ্যমে এই কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আখতারুজ্জামান। একটি সবুজ, পরিচ্ছন্ন ও নান্দনিক ক্যাম্পাস বিনির্মাণ করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এস্টেট অফিস ও ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)'র যৌথ উদ্যোগে এই অভিযান পরিচালনা করা হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)'র সহ সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক আরিফ ইবনে আলী, সদস্য তিলোত্তমা সিকদার, মুহা. মাহমুদুল হাসান, রকিবুল হাসান রাকিব, ফরিদা পারভীন, রফিকুল ইসলাম সবুজ, রাইসা নাসের ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস্টেট ম্যানেজার (ভারপ্রাপ্ত) সুপ্রিয়া দাস।

উল্লেখ্য, পুরো ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ৫০টি স্থানে বিন স্থাপন করা হবে। বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সৌজন্যে বিন সরাবরাহ করা হবে। পরিচ্ছন্নতা অভিযানে ১০০ সদস্যের স্বেচ্ছাসেবক দল কাজ করবেন। ইতোমধ্যে প্রথম মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্য থেকে আগামী তিনমাসের জন্য ১০০ জনকে স্বেচ্ছাসেবক হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

মুজিববর্ষ উপলক্ষ্যে স্বেচ্ছাসেবক ওরিয়েন্টেশন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়কে একটি সবুজ, পরিচ্ছন্ন ও নান্দনিক ক্যাম্পাস বিনির্মাণ করার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এস্টেট অফিস ও ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) যৌথ উদ্যোগে বিশেষ পরিচ্ছন্নতা অভিযানের শিক্ষার্থী স্বেচ্ছাসেবকদের ওরিয়েন্টেশন গত ৮ জানুয়ারি নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে দিক নির্দেশনা দেন। উপাচার্য বলেন,"তোমরা বিশ্ববিদ্যালয়কে সত্যিকারার্থেই ধারণ করো, তোমাদের সাধুবাদ জানাই। আমরা বিশ্ববিদ্যালয়কে এমন জায়গায় দেখতে চাই যা হবে সবুজ, শিক্ষার্থীবান্ধব ও পড়াশোনার উপযোগী।

(২য় পৃষ্ঠায় দেখুন)

ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণায় শীর্ষে

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯ সালে গবেষণার ক্ষেত্রে র‌্যাংকিং-এ শীর্ষ স্থান দখল করেছে। যুক্তরাষ্ট্রভিত্তিক স্কোপাস ডাটাবেইজ-এর বিভিন্ন উপাত্ত বিশ্লেষণ করে এ তথ্য প্রকাশ করেছে বাংলাদেশের গবেষণা পরিস্থিতি পর্যবেক্ষণকারী ম্যাগাজিন 'সায়েন্টিফিক বাংলাদেশ'।

বাংলাদেশ থেকে ২০১৯ সালে গবেষণা নিবন্ধসহ ৬ হাজার বৈজ্ঞানিক ডকুমেন্টস্ প্রকাশিত হয়েছে। প্রকাশের ক্ষেত্রে দেশের শীর্ষ ১০টি প্রতিষ্ঠানের মধ্যে শীর্ষস্থান দখল করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়।

উল্লেখ্য, ২০১২ সাল থেকে স্কোপাস ডাটাবেইজের সহায়তায় বাংলাদেশের গবেষণা পরিস্থিতির তালিকা প্রকাশ করে আসছে 'সায়েন্টিফিক বাংলাদেশ'।

ঢাবি শিক্ষক সমিতির নির্বাচন

অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সভাপতি ও অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া সাধারণ সম্পাদক নির্বাচিত

অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল সভাপিত ও অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। গত ৩০ ডিসেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয় ক্লাবে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ এই নির্বাচন পরিচালনা করেন।

অন্য পদে নির্বাচিতরা হলেন- সহ-সভাপতি অধ্যাপক মো. লুৎফর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মাদ আব্দুল মঈন, যুগ্ম সম্পাদক অধ্যাপক ড. জেড এম পারভেজ সাজ্জাদ, সদস্য- অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ, অধ্যাপক ড. মো. জিয়াউর রহমান, অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, অধ্যাপক ড. এ. এম. আমজাদ, অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, অধ্যাপক ড. জাকিয়া পারভীন, অধ্যাপক ড. সৌমিত্র শেখর, অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম খান, অধ্যাপক নিসার হোসেন এবং অধ্যাপক ড. জিনাত হুদা।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে (জানুয়ারি-জুন) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রার অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এম.ফিল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরপত্র, প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনা ও চাকুরীর (৩য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি-এ ১-২ ফেব্রুয়ারি জাতীয় কবিতা উৎসব

'মুজিব আমার স্বাধীনতার অমর কাব্যের কবি' মর্মবার্তা নিয়ে আগামী ১-২ ফেব্রুয়ারি ২০২০ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার চত্বরে অনুষ্ঠিত হবে ৩৪তম 'জাতীয় কবিতা উৎসব ২০২০'। দেশের অন্যতম প্রধান কবি মহাদেব সাহা এই উৎসবের উদ্বোধন করবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও জাতীয় কবিতা পরিষদের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং সাধারণ সম্পাদক তারিক সুজাত গত ৯ জানুয়ারি ২০২০ ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দু'দিনব্যাপী এই কবিতা উৎসবের বিস্তারিত তথ্য তুলে ধরেন।

দু'দিনব্যাপী এই কবিতা উৎসবে মুক্ত আলোচনা, কবিতা পাঠ, আবৃত্তিপর্ব, সেমিনার, ছড়াপাঠ, কবিতার গান ইত্যাদি পরিবেশন করা হবে। এই উৎসবে তিনজন ভাষাসংগ্রামী প্রবীণ কবিকে 'জাতীয় কবিতা পরিষদ সম্মাননা' প্রদান করা হবে। যাদেরকে সম্মাননা প্রদান করা হবে তাঁরা হলেন কবি আহমদ রফিক, গীতি-কবি আবদুল গাফ্‌ফার চৌধুরী ও কবি বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর।

উৎসবে সুইডেন, স্পেন, উজবেকিস্তান, মালয়েশিয়া, তুরস্ক, নেপাল, ভারতসহ দেশ-বিদেশের কবিরা অংশ নেবেন। প্রত্যেকদিন সকাল থেকে শুরু হয়ে উৎসব চলবে রাত ৯টা পর্যন্ত।

(২য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি-এ ১-২ ফেব্রুয়ারি জাতীয় কবিতা উৎসব

(১ম পৃষ্ঠার পর) ১ ফেব্রুয়ারি ২০২০ সকালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, শিল্পাচার্য জয়নুল আবেদিন, শিল্পী কামরুল হাসানের সমাধি এবং কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের পর জাতীয় সঙ্গীত, জাতীয় পতাকা উত্তোলন, একুশের গান এবং উৎসব সঙ্গীতের মধ্য দিয়ে এবারের উৎসব শুরু হবে।

উল্লেখ্য যে, স্বৈরশাসনের বিরুদ্ধে শৃঙ্খল মুক্তির ডাক দিয়ে কবিতা উৎসবের শুরু হয় ১৯৮৭ সালে। কালের পরিক্রমায় সে উৎসব আজ আন্তর্জাতিক রূপ নিয়েছে।

'মুজিব আমার স্বাধীনতার অমর কাব্যের কবি' মর্মবার্তা নিয়ে আগামী ১-২ ফেব্রুয়ারি ২০২০ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার চত্বরে অনুষ্ঠিত হবে ৩৪তম 'জাতীয় কবিতা উৎসব ২০২০'। গত ৯ জানুয়ারি ২০২০ ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দু'দিনব্যাপী এই কবিতা উৎসবের বিস্তারিত তথ্য তুলে ধরেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) ও জাতীয় কবিতা পরিষদের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং সাধারণ সম্পাদক তারিক সুজাত ।

স্বামী বিবেকানন্দের ১৫৭তম জন্মোৎসব ও বিবেকানন্দ শিক্ষা ও সংস্কৃতি পরিষদের তিন দশক পূর্তি উপলক্ষ্যে গত ১২ জানুয়ারি ২০২০ ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এই সম্প্রীতি শোভাযাত্রায় নেতৃত্ব দেন। এসময় জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহাসহ আবাসিক শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অধ্যাপক ড. অজয় রায়-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

একুশে পদকপ্রাপ্ত পদার্থ বিজ্ঞানী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. অজয় রায়-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ০৯ ডিসেম্বর ২০১৯ এক শোক বার্তায় উপাচার্য বলেন, অধ্যাপক ড. অজয় রায় ছিলেন স্বনামধন্য শিক্ষক, মুক্তিযোদ্ধা এবং অসম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী একজন গুণী মানুষ। তিনি বাংলাদেশে মৌলবাদ ও সাম্প্রদায়িকতা বিরোধী সব গণতান্ত্রিক ও নাগরিক আন্দোলনের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন এবং সবসময়ই বিজ্ঞানভিত্তিক মানবতাবাদী শিক্ষার পক্ষে কথা বলেছেন। তিনি ছিলেন একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির প্রতিষ্ঠাতাদের মধ্যে অন্যতম।

উপাচার্য আর বলেন, ধর্মনিরপেক্ষ ও মুক্তচিন্তার অধিকারী অধ্যাপক অজয় রায় বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ ইতিহাস পরিষদ, সম্প্রীতি মঞ্চ, শিক্ষা আন্দোলন মঞ্চসহ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে গভীরভাবে যুক্ত থেকে দেশের শিক্ষা বিস্তারে অসামান্য অবদান রেখে গেছেন। সামাজিক ও রাজনৈতিক বিভিন্ন আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ও বিজ্ঞান ভিত্তিক বিভিন্ন গবেষণা কর্মের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ, অধ্যাপক ড. অজয় রায় গত ০৯ ডিসেম্বর ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগে ১৯৫৯ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত শিক্ষকতা করেছেন।

অধ্যাপক তালুকদার মনিরুজ্জামানের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক তালুকদার মনিরুজ্জামান-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। গত ২৯ ডিসেম্বর ২০১৯ এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক তালুকদার মনিরুজ্জামান বিশ্ববিদ্যালয়ের একজন নিবেদিতপ্রাণ শিক্ষক, গবেষক ও রাষ্ট্রবিজ্ঞানী ছিলেন। তার কর্মকাণ্ডের মাধ্যমে তিনি বিশ্ববিদ্যালয় পরিবারে স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন ও পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, অধ্যাপক তালুকদার মনিরুজ্জামান গত ২৯ ডিসেম্বর ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তিনি দুই ছেলে, এক মেয়ে, আত্মীয়স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'মসজিদুল জামিয়া'য় মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়।

সৈয়দ মোয়াজ্জেম আলীর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

সাবেক পররাষ্ট্র সচিব সৈয়দ মোয়াজ্জেম আলীর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় উপাচার্য বলেন, ১৯৭১ সালে যুক্তরাষ্ট্রে কর্মরত অবস্থায় তিনি পাকিস্তানের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে স্বাধীন বাংলাদেশের প্রতি আনুগত্যের ঘোষণা দেন। পরে যুক্তরাষ্ট্রে বাংলাদেশ দূতাবাস প্রতিষ্ঠায় তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। দীর্ঘ কর্মময় জীবনে তিনি ভারতে বাংলাদেশের হাই-কমিশনার এবং ভুটান, ইরান ও ফ্রান্সে বাংলাদেশের রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেন। সর্বশেষ কর্মস্থল নয়াদিল্লীতে হাই-কমিশনার হিসেবে দায়িত্ব পালনকালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক পরিমণ্ডলে সম্পৃক্ত করার ক্ষেত্রে মুখ্য ভূমিকা রাখেন। উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন কৃতী ছাত্র সৈয়দ মোয়াজ্জেম আলীর মৃত্যুতে জাতি একজন দেশপ্রেমিক দক্ষ কূটনীতিবিদকে হারালো। জাতি তাঁর অবদান চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, সৈয়দ মোয়াজ্জেম আলী গত ৩০ ডিসেম্বর ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর।

ঢাবি শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার

অধ্যাপক ড. অসীম সরকার

ঢাকা বিশ্ববিদ্যালয় সংস্কৃত বিভাগের অধ্যাপক ড. অসীম সরকারকে বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তাকে এই নিয়োগ প্রদান করেন।

অধ্যাপক ড. অসীম সরকার গত ১৫ ডিসেম্বর ২০২০ শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা হিসেবে যোগদান করেন।

তিনি বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়া, তিনি সংস্কৃত বিভাগের চেয়ারম্যান, জগন্নাথ হলের প্রাধ্যক্ষ এবং অধ্যাপক দিলীপ কুমার ভট্টাচার্য গবেষণা কেন্দ্রের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি।

চারুকলা অনুষদে জয়নুল উৎসব

(১ম পৃষ্ঠার পর) ময়নুল আবেদিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন স্বাগত বক্তব্য দেন। মৃৎশিল্প বিভাগের সহযোগী অধ্যাপক মো: রবিউল ইসলাম অনুষ্ঠান সঞ্চালন করেন।

চারুকলা শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ অনুষ্ঠানে ভারতীয় শিল্পী অধ্যাপক ড. জনক ঝঙ্কার নার্জারি এবং বাংলাদেশের শিল্পী অধ্যাপক মাহামুদুল হক ও অধ্যাপক হামিদুজ্জামান খানকে 'জয়নুল সম্মাননা-২০১৯' প্রদান করা হয়। এছাড়া, বার্ষিক প্রদর্শনীতে নির্বাচিত শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য অংকন ও চিত্রায়ন বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. হেলাল হোসেন স্বর্ণপদক লাভ করেন।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি শিল্পাচার্য জয়নুল আবেদিনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তাঁর অনন্য অবদানের জন্যই বাংলাদেশের শিল্পচর্চা আজ ঈর্ষনীয় মানে পৌঁছেছে। অসাধারণ শিল্পকর্মের মাধ্যমে তিনি মহান ভাষা আন্দোলন ও স্বাধীনতা সংগ্রামে জাতিকে উজ্জীবিত করেন। বিত্তের দৈন্যতার চেয়ে চিত্তের দৈন্যতা ঘুচানোর উপর তিনি গুরুত্বারোপ করে গেছেন। তাঁর অসাম্প্রদায়িক চেতনা ও আদর্শ ধারণ করে দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নেয়ার জন্য তিনি শিল্পীসহ সকলের প্রতি আহ্বান জানান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সম্মাননাপ্রাপ্ত শিল্পীদের অভিনন্দন জানান। তিনি বলেন, শিল্পাচার্য জয়নুল আবেদিন ১৯৪৩ সালের দুর্ভিক্ষের মর্মস্পর্শী ও মানবিক চিত্র অংকন করে বিশ্ব বিবেককে নাড়া দিয়েছিলেন। তাঁর জীবন ও কর্ম থেকে শিক্ষা নিয়ে সামনে এগিয়ে যাওয়ার জন্য উপাচার্য তরুন প্রজন্মের প্রতি আহ্বান জানান।

মুজিববর্ষ উপলক্ষ্যে স্বেচ্ছাসেবক ওরিয়েন্টেশন

(১ম পৃষ্ঠার পর) এমন একটি পবিত্র ক্যাম্পাস বিনির্মাণ করে যেতে হবে যাতে পরবর্তী প্রজন্ম তোমাদের স্মরণ রাখে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসন তোমাদেরকে সহযোগিতা করবে।"

এসময় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী ও সহকারী প্রক্টরবৃন্দ, ঢাকা বিশ্ববিদ্যালয় এস্টেট অফিসের কর্মকর্তাবৃন্দ, ওরিয়েন্টেশন প্রোগ্রামের সমন্বয়ক ও ডাকসুর সদস্য মুহা. মাহমুদুল হাসান, সহযোগী সমন্বয়ক ও ডাকসুর সদস্য তিলোত্তমা সিকদার এবং ফরিদা পারভীন।

দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ১২তম পুনর্মিলনী গত ৩ জানুয়ারি ২০২০ টিএসসি চত্বরে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের চেয়ারম্যান ও দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. মো. সাজাহান মিয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক ড. আজিজুন্নাহার ইসলাম স্বাগত বক্তব্য দেন। অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মাহফুজা রহমান চৌধুরী বাবলী ধন্যবাদ জ্ঞাপন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অসচ্ছল শিক্ষার্থীদের সহযোগিতায় এগিয়ে আসার জন্য প্রাক্তন শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, অত্যন্ত প্রতিযোগিতামূলক ভর্তি পরীক্ষার মাধ্যমে দেশের সেরা মেধাবী শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পায়। এই মেধাবীদের যথাযথভাবে পরিচর্যা করতে হবে। অর্থাভাবে যাতে এসব মেধাবী ঝরে না পড়ে, সেদিকে সমাজের বিত্তবানদের নজর দিতে হবে। সামাজিক চাহিদা পূরণে যুগোপযোগী গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্ব র‌্যাংকিং-এর শীর্ষে আনতে অ্যালামনাইদের স্ব স্ব অবস্থান থেকে কাজ করতে হবে। 'এনডাউমেন্ট ফান্ড' গঠনের মাধ্যমে গবেষণা কাজে সহযোগিতার জন্য তিনি অ্যালামনাইদের প্রতি আহ্বান জানান।

আরবী বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের ১ম পুনর্মিলনী ও বার্ষিক সাধারন সভা গত ১১ জানুয়ারি ২০২০ ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিনব্যাপী কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগের চেয়ারম্যান ও এসোসিয়েশনের আহবায়ক অধ্যাপক ড. মোহাম্মদ ইউছুফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিভাগীয় সংখ্যাতিরিক্ত অধ্যাপক ড. মো. আবু বকর সিদ্দীক অ্যালামনাই বক্তা হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ। বিভাগীয় অধ্যাপক ড. মো. আবদুল কাদির ও ড. মোহাম্মদ শহীদুল ইসলামসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ ও বিপুল সংখ্যক প্রাক্তন শিক্ষার্থীদের উপস্থিতিতে অনুষ্ঠানটি মিলনমেলায় পরিণত হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগ একটি ঐতিহ্যবাহী বিভাগ। দেরীতে হলেও এই বিভাগের অ্যালামনাই এসোসিয়েশন গঠিত হওয়ায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান উপাচার্য। তিনি বলেন, ইসলাম ধর্মে ও আরবী ভাষায় সর্বদা উদারতা, অসাম্প্রদায়িকতা ও মানবিকতার আবেদন রয়েছে। এই গুণাবলী বিভাগের শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে দেখা যায় এবং এসব গুণাবলী আরও বিকশিত করতে হবে। তিনি আরবী বিভাগের গবেষণা ও অবকাঠামো উন্নয়নে এবং বিভাগীয় শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করতে অ্যালামনাই-এর সদস্যদের প্রতি আহবান জানান।

ঢাবি ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের নবীনবরণ অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের বিবিএ (সম্মান) ১৩তম ব্যাচের নবীন বরণ গত ৭ জানুয়ারি ২০২০ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হয়েছে। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিভাগের অধ্যাপক ড. মো. আফজাল হোসেন, অধ্যাপক ড. মজিব উদ্দিন আহমেদ, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সিইও ড. ভূবন চন্দ্র বিশ্বাস এবং প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের ম্যানেজার মি. স্টিফেন জেমস পিটার্স বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড লাইফ সায়েন্সেস-এর এমিরিটাস অধ্যাপক ড. উইনফ্রিড এরিক হুবার্ট ব্লাম গত ৩০ ডিসেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ৭০ বছর পূর্তি উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ৭০ বছর পূর্তি উৎসব গত ৩০ ডিসেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্‌যাপিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই উৎসব উদ্বোধন করেন। কার্জন হল পরিবেশ ক্লাব এই অনুষ্ঠানের আয়োজন করে।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. খলিলুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড লাইফ সায়েন্সেস-এর এমিরিটাস অধ্যাপক ড. উইনফ্রিড এরিক হুবার্ট ব্লাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. এস এম এ ফায়েজ, অধ্যাপক সৈয়দ ফজলে এলাহী, অধ্যাপক ড. এ এইচ এম মুস্তাফিজুর রহমান প্রমুখ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আয়োজকদের অভিনন্দন জানিয়ে বলেন, সমাজে মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা ও পরিবেশ রক্ষায় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের শিক্ষার্থীদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

গবেষণা পদ্ধতি বিষয়ক ৩দিন ব্যাপী কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের উদ্যোগে "Research Process and Doing Research with Structural Equation Modeling" শীর্ষক ৩দিন ব্যাপী এক কর্মশালা গত ৮ জানুয়ারি ২০২০ অধ্যাপক আব্দুল্লাহ ফারুক মিলনায়তনে উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কর্মশালা উদ্বোধন করেন।

কর্মশালার সমন্বয়কারী অধ্যাপক ড. এবিএম শহিদুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক এম শাব্বির আহমদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সাধারণ মানুষের জীবনমানের উন্নয়নে মান সম্পন্ন গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, একটি ভাল গবেষণার মাধ্যমে একটি বিশ্ববিদ্যালয় সুনাম অর্জন করতে পারে। অংশগ্রহণকারীরা এই কর্মশালা থেকে অনেক উপকৃত হবেন এবং ভাল গবেষণায় উৎসাহিত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, ৩৫জন তরুণ শিক্ষক ও গবেষক এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

ঢাবি বাঁধন ইউনিটের বার্ষিক সাধারণ সভা

'স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন' বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান গত ২ জানুয়ারি ২০২০ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনাল পরিষদের বিদায়ী সভাপতি আহসান উল্যাহ পাঠানের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষক সমিতির নব-নির্বাচিত সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিবৃন্দের সঙ্গে বাঁধন সদস্যদের দেখা যাচ্ছে।

উপাচার্যের সাথে অস্ট্রিয়ার এমিরিটাস অধ্যাপকের সাক্ষাৎ

অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড লাইফ সায়েন্সেস-এর এমিরিটাস অধ্যাপক ড. উইনফ্রিড এরিক হুবার্ট ব্লাম গত ৩০ ডিসেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. খলিলুর রহমান এবং অধ্যাপক ড. এ এইচ এম মুস্তাফিজুর রহমান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা প্রাকৃতিক পরিবেশ রক্ষায় মাটির যৌক্তিক ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন। এসময় তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভিয়েনা ইউনিভার্সিটি অব ন্যাচারাল রিসোর্সেস এন্ড লাইফ সায়েন্সেস-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

উল্লেখ্য, এমিরিটাস অধ্যাপক ড. উইনফ্রিড এরিক হুবার্ট ব্লাম ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে যোগ দিতে বাংলাদেশ সফর করেন।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

(১ম পৃষ্ঠার পর) প্রমাণপত্র এবং জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ১ (এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীর অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে।

উল্লেখ্য, দেশের কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তি হতে পারবেন না। পিএইচডি প্রোগ্রামে ভর্তির আগে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামে ভর্তি হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রিধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে দরখাস্ত করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য এমফিল-পিএইচডি শাখায় যোগাযোগ করা যাবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগে অত্যাধুনিক 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২ জানুয়ারি ২০২০ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে এই ল্যাব উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইউছুফ এবং শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু টিচার্স ক্রিকেট লীগ' গত ৭ জানুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ক্রিকেট লীগের উদ্বোধন করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিকেট কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদ, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ৬৫তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১২ জানুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। এসময় বিদ্যালয়ের অধ্যক্ষ ড. উম্মে সালেমা, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার ও পরিচালক (ভারপ্রাপ্ত) মো. শাহজাহান আলীসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় 'আন্তঃবিভাগ (ছাত্র) এবং আন্তঃহল (ছাত্রী) ক্রিকেট প্রতিযোগিতা-২০২০' গত ১৩ জানুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

গত ১১ জানুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় উত্তর ফুলার রোড আবাসিক এলাকা গেট সংলগ্ন চত্বরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে 'জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন-২০২০' এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও রোভার স্কাউট গ্রুপের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপের সম্পাদক ও প্রধান রোভার স্কাউট লিডার মাহমুদুর রহমানসহ গ্রুপের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় 'আন্তঃহল ভলিবল প্রতিযোগিতা' গত ৫ জানুয়ারি ২০২০ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ভলিবল কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. আসাদুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. অসীম সরকার, ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলীসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

রোকেয়া দিবস উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১১ জানুয়ারি ২০২০ ‘রোকেয়া দিবস-২০১৯’ উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষ্যে দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে ছিল র‌্যালি, ফাউন্ডেশন বক্তৃতা, স্বর্ণপদক, বৃত্তি প্রদান প্রভৃতি।

সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হল মিলনায়তনে ৩২তম ‘রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন বক্তৃতা, স্বর্ণপদক ও বৃত্তি প্রদান’ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেধাবী ছাত্রীদের মাঝে স্বর্ণপদক ও বৃত্তি প্রদান করেন।

রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা-এর সভাপতিত্বে অনুষ্ঠানে ফাউন্ডেশন বক্তৃতা প্রদান করেন সংসদ সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজ বিজ্ঞান বিভাগের প্রাক্তন শিক্ষক আরমা দত্ত। বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রাক্তন সংসদ সদস্য ও বাংলাদেশ যুব মহিলা লীগের সভাপতি নাজমা আক্তার। ধন্যবাদ জ্ঞাপন করেন রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন ট্রাস্টি বোর্ডের সদস্য ও হলের খন্ডকালীন আবাসিক শিক্ষক মনিরা বেগম।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বেগম রোকেয়ার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বেগম রোকেয়া নারী শিক্ষা ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করে গেছেন। লেখনির মাধ্যমে তিনি সমাজ পরিবর্তনের চেষ্টা করেছেন এবং নারীদেরকে শক্তি ও সাহস যুগিয়েছেন। বৃত্তিপ্রাপ্ত ছাত্রীদের অভিনন্দন জানিয়ে উপাচার্য বলেন, বেগম রোকেয়ার আদর্শে অনুপ্রাণিত হয়ে সমাজ পরিবর্তনের লক্ষ্যে শিক্ষার্থীদের নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে।

ফাউন্ডেশন বক্তৃতায় সংসদ সদস্য আরমা দত্ত বলেন, বেগম রোকেয়া চিন্তা ও মননে একজন খাঁটি বাঙালি ছিলেন। প্রাবন্ধিক, ঔপন্যাসিক, সাহিত্যিক, রাজনীতিবিদ, সমাজ সংস্কারক ও প্রগতিশীল মানুষ ছিলেন তিনি। তিনি “নারীদের” “মানুষ” বলে প্রতিষ্ঠিত করার যে দাবী তুলেছিলেন, তারই ফলস্বরূপ আমরা আজ নারী মুক্তি ও নারী ক্ষমতায়নের দিকে অগ্রসর হতে পেরেছি।

২০১৯ সালের রোকেয়া মেমোরিয়াল ফাউন্ডেশন স্বর্ণপদক অর্জন করেছেন- সাবিহা আল হুমায়রা মমি (এম এ, ভাষাবিজ্ঞান বিভাগ)। মেধাবৃত্তি লাভ করেছেন- মাহবুবা আক্তার শাম্মী (এম এ, উর্দু বিভাগ), শর্মিষ্ঠা সোনালিকা সরকার (এম.এস.এস, পপুলেশন সায়েন্সেস বিভাগ), মালিহা হক (এম. এস, ভূগোল ও পরিবেশ বিভাগ) ও দিতি রানী ঘোষ (এম.এস, পরিসংখ্যান বিভাগ)। সাধারণ বৃত্তি পেয়েছেন- মাহিয়া আহমেদ (১ম বর্ষ, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ), তামান্না আক্তার শান্তা (১ম বর্ষ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট), সময়িতা সরকার তুলি (২য় বর্ষ, জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ) ও সালেহুন আমিরা (১ম বর্ষ, প্রাণিবিদ্যা বিভাগ)।

এর আগে রোকেয়া দিবস উপলক্ষ্যে গত ১১ জানুয়ারি ২০২০ সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে হল চত্বর থেকে এক বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। র‌্যালিটি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এসময় রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা সহ হলের বিপুল সংখ্যক ছাত্রী উপস্থিত ছিলেন।

জীববিজ্ঞান অনুষদের ডিনস্ অ্যাওয়ার্ড পেলেন ৩১জন মেধাবী শিক্ষার্থী

২০১৭-১৮ শিক্ষাবর্ষে বিএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৩১জন মেধাবী শিক্ষার্থীকে “ডিনস্ অ্যাওয়ার্ড” প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৯ জানুয়ারি ২০২০ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন।

জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্ব স্ব বিভাগের চেয়ারম্যান অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের নাম ঘোষণা করেন। জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ নাজমুল আহসান ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুগোপযোগী গবেষণা ও শিক্ষা কার্যক্রমের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করার জন্য মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, পূর্ণাঙ্গ ভাল মানুষ হিসেবে গড়ে ওঠতে শিক্ষার্থীদের মেধার সঙ্গে দেশপ্রেম, মানবিক মূল্যবোধ ও সততার সংমিশ্রণ ঘটাতে হবে।

অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের মো. রইসউদ্দিন সিকদার, আকিব আল মাহির, মাহফুজা মির্জা সাদিয়া, রাবেয়া মিয়াজী, উদ্ভিদবিজ্ঞান বিভাগের আবু জার আল গিফারী, লুৎফুন্নাহার সূচনা, মো. মোরসালিনুর রশিদ, ফারিহা আফরিন মুস্তফা, বিনি সেন, প্রাণিবিদ্যা বিভাগের ইসমত জাহান এ্যানি, কৃষ্ণা সুকন্যা বণিক, সাওদা জামান অর্থি, অনিকা তাবাস্‌সুম, জ্ঞান সরকার পাল, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের মুহাম্মদ সায়েম, রেজোয়ান আল রিমন, উম্মে সাবরিনা হক, মো. রাশেদুল ইসলাম, সারোয়ার আলম, অণুজীব বিজ্ঞান বিভাগের মাসুদা আখতার, সাফিয়া মাহাবুব সাওতী, জয়নব আকতার পুষ্প, তন্ময় দেবনাথ, রোকাইয়া নুরানী শতদ্রু, মৎস্যবিজ্ঞান বিভাগের মোসা. সাবরিনা আকতার, লিমা আকতার এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের শায়ন শাহরিয়ার, রাফিদ রহমান তুর্জ, ধ্রুব জ্যোতি সেন, দৃষ্টি বাঁধন সরকার এবং আবু নাসিম হায়দার।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের উদ্যোগে “এডভান্সড কোর্স অন ডিসএ্যাবিলিটি, অটিজম এন্ড ইনক্লুসিভ এডুকেশন” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গত ১১ জানুয়ারি ২০২০ ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দু'মাসব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন। শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের বিশেষ শিক্ষা বিভাগের চেয়ারম্যান ও কোর্স কো-অর্ডিনেটর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান। এসময় অধ্যাপক ড. অহিদুজ্জামানসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ২ জানুয়ারি ২০২০ টিএসসি চত্বরে ২০১৩-১৪ সেশনের শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান।

‘পালাবদল ৯৩’ সংগঠনের আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি রায়হানুল ইসলাম আবির উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরবোজ্জ্বল ইতিহাস তুলে ধরে বলেন, মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধসহ বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে এই বিশ্ববিদ্যালয় অনন্য ভূমিকা পালন করেছে। মুক্তিযুদ্ধের চেতনা এবং অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধের লালন কেন্দ্র হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়। এসব মূল্যবোধ ধারণ করে লিঙ্গ বৈষম্য নিরসন ও সুস্থ সমাজ বিনির্মাণে কাজ করার জন্য তিনি প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে উপাচার্য ‘পালাবদল ৯৩’ শীর্ষক স্মরণিকার মোড়ক উন্মোচন করেন। পরে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাসা বরাদ্দ সংক্রান্ত অনলাইন সেবা কার্যক্রম চালু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বাসা বরাদ্দের আবেদন ও তৎসংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য অনলাইন সেবা চালু হয়েছে। ‘মুজিববর্ষ ২০২০’-কে সামনে রেখে বিশ্ববিদ্যালয়কে অটোমেশনের আওতায় আনার ধারাবাহিক প্রক্রিয়ার অংশ হিসেবে এই অনলাইন সেবা কার্যক্রম চালু হলো। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩১ ডিসেম্বর ২০১৯ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কার্যক্রম উদ্বোধন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, শিক্ষক সমিতির নব নির্বাচিত সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আসিফ হোসেন খান প্রমুখ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাসা বরাদ্দের অনলাইন সেবা কার্যক্রম চালুর ক্ষেত্রে সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি বলেন, এর মাধ্যমে অটোমেশনের পথে ঢাকা বিশ্ববিদ্যালয় আরেকধাপ এগিয়ে গেল।

উল্লেখ্য, https://estate.du.ac.bd ওয়েবসাইট ব্যবহার করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ জানুয়ারি ২০২০ পর্যন্ত বাসা বরাদ্দ পাওয়ার জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলের কারিগরি সহায়তা ও সার্বিক তত্ত্বাবধানে এই সেবা কার্যক্রম চালু করা হয়েছে।

ডাকসু'র উদ্যোগে পরিচ্ছন্নতা কর্মসূচির উদ্বোধন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ-২০২০’, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি এবং মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও বিশ্ববিদ্যালয় এস্টেট অফিস-এর যৌথ উদ্যোগে বছরব্যাপী পরিচ্ছন্নতা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১২ জানুয়ারি ২০২০ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই পরিচ্ছন্নতা কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি সবুজ, পরিচ্ছন্ন ও নান্দনিক ক্যাম্পাস বিনির্মাণ করার লক্ষ্যে এই পরিচ্ছন্নতা অভিযান চলবে।

উদ্বোধনী অনুষ্ঠানে ডাকসু'র এজিএস সাদ্দাম হোসেন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক আরিফ ইবনে আলী, সদস্য তিলোত্তমা সিকদার ও ফরিদা পারভিনসহ ডাকসু'র অন্যান্য নেতৃবৃন্দ এবং এস্টেট অফিসের ভারপ্রাপ্ত ম্যানেজার সুপ্রিয়া দাস উপস্থিত ছিলেন। বছরব্যাপী এই পরিচ্ছন্নতা অভিযানের সমন্বয়কের দায়িত্ব পালন করছেন ডাকসু'র সদস্য মুহা. মাহমুদুল হাসান।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫